Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/249

PRESENTED

# চিত্রে
# শ্রীশ্রী শোভা মাতা

PRESENTED

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Library
SHREE SHREE MA ANANDAMAYEE ASHRAM
Bhadaini, Varanasi-1
No 3/249
Book should be returned by date (last) noted below or re-issue arranged. Otherwise a fine of 10 N.P. daily shall have to be paid.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

3/249

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 9/৬৫
Shri Shri ... Ashram
BANARAS 3/249

# চিত্রে
# শ্রীশ্রী শোভা মাতা

সম্পাদনা
ব্রহ্মচারিণী ইলা দেবী
ব্রহ্মচারিণী সুধা দেবী

PRESENTED

সন্ত আশ্রম
বারাণসী, উত্তর প্রদেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃপূজা গ্রন্থমালা ৭

প্রথম সংস্করণ : ২ ফাল্গুন ১৩৭৭, ১৫ ফেব্রুয়ারি ১৯৭১

শ্রীশ্রী শোভা মাতার শুভ আবির্ভাব তিথি

প্রকাশক

শ্রীগোঁসাইদাস সাহা ও শ্রীমতী মীরারানী সাহা

সন্ত আশ্রম, লাক্‌সা, বারাণসী

উত্তর প্রদেশ

আট টাকা

ব্লক ও মুদ্রণ

দ্বিজেন্দ্রলাল বিশ্বাস, দি ইণ্ডিয়ান ফোটো এনগ্রেভিং কোম্পানি প্রাইভেট লিমিটেড

২৮ বেনিয়াটোলা লেন, কলকাতা-৯

গ্রন্থন

অশোকা বাইণ্ডিং ওয়ার্কস, ৫০ পটলডাঙ্গা স্ট্রীট, কলকাতা-৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

# নিবেদন

শ্রীশ্রীশোভা মাতার আবির্ভাব ১৩২৭। ১৪ ফাল্গুনের শেষ-রাত্রি; স্বাতীনক্ষত্রযুক্ত কৃষ্ণাপঞ্চমী তিথি। আগামী ১৩৭৭।১৪ ফাল্গুন শ্রীমার পঞ্চাশৎবর্ষপূর্তি দিবস; আবির্ভাবতিথি আজ ২ ফাল্গুন। শ্রীমার আবির্ভাবের স্বুবর্ণ-জয়ন্তী পালনে বারাণসী সন্ত-আশ্রমে পক্ষকালব্যাপী মাতৃপূজা ও আনন্দোৎসবের আয়োজন। এই উপলক্ষে শ্রীমার পুণ্যচরিত অনুধ্যানের বিবিধ প্রচেষ্টার মধ্যে শ্রীমার দিব্যজীবন ও স্থূল ব্যবহারের লুপ্তপ্রায় চিত্রগুলি একত্র গ্রন্থনের আকাঙ্ক্ষা দীর্ঘদিনের। শ্রীমার ভক্তসন্তান শ্রীগোঁসাইদাস সাহা ও শ্রীমতী মীরারানী সাহা ব্যয়ভারসহ এই গ্রন্থপ্রকাশের দায়িত্ব নিয়ে সকল ভক্তের কৃতজ্ঞতা লাভ করলেন।

শ্রীমার অনুগ্রহে দূরদূরান্তবাসী ভক্তগণের অমূল্য সংগ্রহ থেকে এই চিত্রগুলি সংগৃহীত। শ্রীমার ঐশী শক্তির বহুশাখান্বিত বৈচিত্র্য এবং আকৈশোর অক্লান্ত ভ্রমণের প্রতিটি পর্যায়ের চিত্রাবলী সংকলন এককথায় অসম্ভব; তাই প্রতিনিধিত্বমূলক কয়েকটি চিত্রই এখানে সমাহৃত। তবু শ্রীমার উত্তরজীবনের তুলনায় তাঁর পূর্বজীবনের চিত্রের সংখ্যাল্পতায় আমরা দুঃখিত। শ্রীমার প্রচারবিমুখতা, অনেকক্ষেত্রে তৎকালে উপকরণের অভাব এবং শ্রীমার অসামান্যতার বিষয়ে সংশয়-ঔদাস্যে জীবনের প্রথমার্ধে সর্বত্র শ্রীমার চিত্র গৃহীত এবং সযত্ন-সংরক্ষিত নয়। প্রতিটি স্তরের চিত্র সমানভাবে না পাওয়াতে এই চিত্রশালায় পথপ্রদর্শনের জন্য শ্রীমার অতিসংক্ষিপ্ত একটি জীবনবৃত্ত এখানে সংকলিত হল। এই গ্রন্থ সেই সূক্ষ্ম জীবনীসূত্রে গ্রথিত চিত্রমালা।

তথ্য সংকলনে শ্রীমার কয়েকটি জীবনীগ্রন্থের সহায়তা পেয়েছি; বিশেষভাবে 'শুভদা শোভা মা' বইটির রচয়িতার কাছে আমাদের ঋণ অনস্বীকার্য। পূজ্যপাদ ব্রহ্মচারী শিশিরকুমার ও শ্রীরামকৃষ্ণগোপাল মুখোপাধ্যায় মহামূল্য উপদেশ দিয়ে, শ্রীগোঁসাইদাস সাহা ও শ্রীমতী মীরারানী দেবী এই গ্রন্থের প্রকাশ ও ব্যয়বহন করে, ভক্তসন্তানগণ তাঁদের অমূল্য সংগ্রহ থেকে দুষ্প্রাপ্য চিত্রগুলি ব্যবহারের অনুমতি দিয়ে, এবং আরও অনেকে নানাভাবে সহায়তা করে এই গ্রন্থের প্রকাশ সম্ভব করেছেন; তাঁদের প্রত্যেকের কাছেই আমরা কৃতজ্ঞ। শ্রীমার আশীর্বাদ সকলের প্রতিই বর্ষিত হোক।

এরূপ একটি সংকলনপ্রকাশের প্রাথমিক প্রয়াস স্বভাবতই ত্রুটি-নির্মুক্ত হওয়া অসম্ভব। মাতৃ-ইচ্ছায় কোনোদিন এই গ্রন্থের পুনর্মুদ্রণ হলে সকলের সহযোগিতায় অবশ্যই অধিকতর পূর্ণাঙ্গ হবে। বর্তমান সংকলনের সমস্ত ত্রুটির জন্য শ্রীমার পাদপদ্মে আমরা মার্জনাপ্রার্থী। অলমতি—

ব্রহ্মচারিণী ইলা দেবী ও ব্রহ্মচারিণী সুধা দেবী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুভ পঞ্চাশৎবর্ষপূর্তির পুণ্যলগ্নে

সুবর্ণ-জয়ন্তী উপলক্ষে

শ্রীশ্রী শোভা মাতার

পাদপদ্মে শ্রদ্ধাঞ্জলি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

## পূর্বভাষ

পুণ্য-তোয়া ভাগীরথীর পশ্চিমকূলে পবিত্র তীর্থ কাশীধাম। সেই পুণ্যধামের একাংশ জুড়ে রয়েছে "সন্ত-নগর"; সেই নগরের প্রবেশ-পথ "সন্ত-বীথি" ব'য়ে "সন্ত-আশ্রম";—তারই প্রাঙ্গণে পবিত্র "সন্ত-মন্দির" অবস্থিত।

এই পুণ্য-আশ্রমের রচয়িত্রী শ্রীশ্রী শোভা মা—আশ্রম-মাতা। বৈষ্ণব চতুঃসম্প্রদায়ের অন্যতম নিম্বার্ক-সম্প্রদায়ের সুপ্রসিদ্ধ মহাত্মা শ্রীশ্রী কাঠিয়াবাবা ব্রজবিদেহী মহন্ত মহারাজের শিষ্য শ্রীশ্রী সন্তদাস বাবাজী মহারাজ। ব্রহ্মবিদ্,—ব্রহ্মবিদ্-গরীয়ান শ্রীগুরুর ন্যায় ইনিও সাধু সমাজে পূর্ণকাম, আত্মারাম, সিদ্ধ মহাত্মা বলেই পরিচিত ছিলেন। এঁরই শিষ্যা শ্রীশ্রী শোভা মা। গুরুকৃপাধন্য তাঁর জীবন—সিদ্ধকাম, সিদ্ধ-মনোরথ। গুরুপরম্পরাক্রমে শ্রীশ্রী শোভা মা নিম্বার্ক-সম্প্রদায়ের ষট্পঞ্চাশত্তম সদ্গুরু।

তাঁর জন্ম দিব্য; তাই দেখি, গুরু-শক্তি তাঁতে সঞ্চারিত হবার সঙ্গে সঙ্গেই প্রাপ্ত হয় বিকাশ ও পূর্ণতা। বহিঃপ্রকাশ যেমন অলৌকিক তেমনই বিস্ময়কর!

শ্রীমার প্রতিটি আচার-আচরণে, বাক্যে গুরুভক্তির প্রকাশ। আশ্রমের প্রতিটি অঙ্গ তাই তাঁর শ্রীগুরুর নামাঙ্কিত। কল্যাণীতে শ্রীমার আশ্রমে এবং উভয়ত্র দুটি আবাসস্থলেও তাই।

ধর্ম ও সম্প্রদায়-নির্বিশেষে সকলেই শ্রীমার স্নেহ-স্নাত; শ্রীমা নির্দ্বন্দ্ব ও সমদর্শিনী। শ্রীশ্রী রাধাকৃষ্ণের যুগল-মূর্তির পাশে তাঁর আশ্রমে কালী-মাতার চিত্রপটও বিরাজিত। শুধু তাই নয়, সেখানে মহাসমারোহে শ্রীশ্রী দুর্গাপূজাও অনুষ্ঠিত হয়। শক্তি ও শক্তিমানের যে অভেদ-তত্ত্ব—শ্রীরাধা ও দুর্গা যে একই—তারই প্রমাণ এই শক্তি-পূজার অনুষ্ঠানে।

ভূমণ্ডলে ভাগবতী করুণার মূর্ত প্রতীক শ্রীমা দু-হাতে অজস্র কৃপা বিলিয়ে চলেছেন। ভাবাবস্থায় পিতার ৺ঠাকুরের আসনের উপর দাঁড়িয়ে পিতাকে বর ও অভয়দান, অন্তিমকালে পিতার আকুলতায় তাঁর ইষ্টগুরুকে প্রত্যক্ষ করানো, অন্য গুরুর আদেশপ্রাপ্ত মুসলমান ভক্তকে তার আত্মীয়ার রোগমুক্তির জন্য প্রসাদ-দান, অপরিচিত দূরবর্তী ভক্তকে স্বপ্নে দর্শন দিয়ে চরণছায়ায় আকৃষ্ট করা, মাতৃনাম স্মরণমাত্রে যে-কোনো নিদারুণ সংকটে সন্তানকে রক্ষণ, বর্ষাস্ফীত দুরন্ত নদীগর্ভে পতিত বাষ্পীয় শকটের মধ্যে অবরুদ্ধ সন্তানকেও অলৌকিক উদ্ধার, স্মরণমাত্রে দূরস্থিত সন্তানের কাছে সংকটমুহূর্তে বা লীলাচ্ছলে নিজ উপস্থিতি প্রকাশ, আশ্রমে প্রবাসে তীর্থস্থানে বারংবার ছেলেমেয়ে সঙ্গীদের মূর্ত দেব-দেবী, মহাপুরুষ ও দিব্যদেহীদের প্রত্যক্ষ করানো এবং পরিচয় দান, সন্তানের অনুরোধে মুহূর্তে প্রকৃতির অলঙ্ঘ্য শক্তিকেও প্রতিহত করা, পথিমধ্যে দিগ্‌ভ্রষ্ট সঙ্গীকেও দিব্য মায়ায় চালিত করে নিকটে আনয়ন, তীর্থভ্রমণকালে নানা অজ্ঞাতস্থানে উপস্থিতিমাত্রে বদ্ধ আত্মাদের শাপমুক্তিদান, নিত্য আশ্রমে তাঁর শ্রীগুরুজী, দাদা গুরুজী, বালগোপাল ও কিষণলালের লীলাচাঞ্চল্য ও সরূপ উপস্থিতির দৃষ্টান্ত প্রত্যক্ষ করানো, উৎসবাদিতে আশ্রমের সীমিত আয়োজন শ্রীহস্তের স্পর্শে অমিতবিত্ত প্রাচুর্যে মণ্ডিত করা—ইত্যাদি শ্রীমায়ের শতসহস্র অলৌকিক লীলার প্রত্যক্ষ প্রমাণ সতত বিকীর্ণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বারাণসী সন্ত-আশ্রমে ৺রাধাকৃষ্ণের যুগল মূর্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



উপরে : ভগবান শ্রীনিম্বার্কাচার্য
শ্রীসুদর্শনচক্রের অবতার
চক্রাবতার নামে প্রসিদ্ধ

পাশে : শ্রীশ্রী ১০৮ কাঠিয়া বাবাজী মহারাজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রী ১০৮ সন্তদাস বাবাজী মহারাজ



শ্রীশ্রী ১০৮ শোভা মাতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

# আবির্ভাব

(১৯২১—১৯৩৪)

১৯২১। ২৬শে ফেব্রুয়ারি (১৩২৭। ১৪ই ফাল্গুন) কৃষ্ণাপঞ্চমী, শনিবার, নব বসন্তে আনন্দের সাড়া জাগিয়ে শ্রীমা এলেন ধুলার ধরণীতে। কাঞ্চনের ন্যায় উজ্জ্বল বর্ণ, বদনে অপূর্ব শ্রী—তাই নাম রাখা হল শোভা। শ্রীমা ভূমিষ্ঠ হলেন মাতুলালয়ে শ্রীহট্ট জেলার বানিয়াচঙ্গ গ্রামে—মাতামহ ৺যোগেন্দ্র-মোহন পালিত মহাশয়ের কর্মস্থলে। তিনি ছিলেন শ্রীশ্রী সন্তদাস বাবাজী মহারাজের বিশেষ পরিচিত। তাই সন্ন্যাসাশ্রম গ্রহণ করার পরেও ১৯২৮ সালে বাবাজী মহারাজ যখন তাঁর গৃহে আসেন, তখন ভাবী গুরুদেবের সঙ্গে শ্রীমার প্রথম সাক্ষাৎ। পালিতমহাশয়ের পত্নীও ভক্তিমতী। তাঁদের আরাধ্য বিগ্রহাদি আজও সন্তমন্দিরে পূজিত।

এমনি পিতামাতার মেয়ে রত্নগর্ভা সুরুচিদেবী শ্রীমায়ের গর্ভধারিণী জননী। শ্রীমায়ের পিতা ৺সুকুমার রাহা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি.এ.বি.টি. উপাধিধারী একজন অভিজ্ঞ শিক্ষক—এই সৎ সরল অমায়িক অনাড়ম্বর মানুষটি শিক্ষাকে গ্রহণ করেছিলেন ব্রত হিসাবে। পূর্বজন্মে তিনি ও তাঁর পত্নী সুরুচিদেবী ছিলেন ভক্ত ব্রজদম্পতি। সুকুমার কৈশোরে মাতৃহীন—একদিন এক বৃদ্ধ ব্রাহ্মণ অতিথি একখানি কালীমাতার ছবি তাঁকে দিয়ে বলেছিলেন, নিষ্ঠার সঙ্গে পুজো করলে তিনি মাকে পাবেন। শ্রীমায়ের আবির্ভাব রাত্রিতে তাঁর জ্যাঠাইমা স্বপ্নে দেখলেন, সেই ছবি থেকে একটি জ্যোতির্ময়ী কন্যা বেরিয়ে আসছেন। মা জগদম্বা ভক্তের কুটিরে তনয়ারূপে আবির্ভূতা হলেন। আবাল্য শক্তিউপাসক ভক্ত তাঁর আরাধ্যা কাত্যায়নী দেবীকে পেলেন কন্যারূপে।

শ্রীমায়ের বাল্য ও কৈশোরের লীলাভূমি তাঁর পিতৃভবন কুণ্ডাগ্রাম। ত্রিপুরা জেলার তিতাস নদীর উত্তর তীরে অবস্থিত এই গ্রামটি। গ্রামের দক্ষিণে বিস্তীর্ণ গভীর বিল, এককালে ছিল দেব-জলাশয়। এই কুণ্ড থেকেই গ্রামের নাম কুণ্ডা। নদীয়ার মন-মাতানো কীর্তন হত শ্রীবাস অঙ্গনে আর কুণ্ডার শ্রীবাস অঙ্গন ছিল শ্রীমায়ের বহির্বাটী। এখানে কীর্তনের প্রেরণা ছিলেন শ্রীমায়ের জ্যেষ্ঠ তাত ৺সুরেন্দ্রচন্দ্র রাহা। ১৯৩৫ সালে শ্রীশ্রী সন্তদাস বাবাজী মহারাজ যখন ব্রাহ্মণবাড়িয়া শহরে গিয়েছিলেন, তখন সস্ত্রীক তিনি তাঁর কাছে দীক্ষিত হন। কুণ্ডাগ্রামের রাহা পরিবার বিখ্যাত কায়স্থ বংশ; এই বৃহৎ যৌথ পরিবার বড়বাড়ি নামে প্রসিদ্ধ। এই পরিবারে দুর্গোৎসব ও কালীপূজা ইত্যাদি শক্তি-উপাসনা অত্যন্ত আড়ম্বরে ও নিষ্ঠায় অনুষ্ঠিত হত। এই শাক্ত-পরিবারের সকলেই ছিলেন সর্বান্তঃকরণে মায়ের ভক্ত। ইষ্ট 'মা'কেই আবাহন ও বিসর্জনের মধ্য দিয়ে শত শত বৎসর ধরে তাঁদের মাতৃপূজার অনুষ্ঠান চলেছে। সেই আবাহনের মন্ত্রেই বোধ হয় ব্রহ্মময়ী মা 'শোভা মা' রূপে মাতৃভক্তগৃহে অবতীর্ণা হলেন।

মায়ের কোলে শিশু শ্রীমা চন্দ্রকলার মত দিনে দিনে বাড়তে থাকেন। তাঁর স্বর্গীয় হাসি সকলের মন কেড়ে নেয়। মূর্তিময়ী হ্লাদিনীশক্তি আনন্দময়ী মা হেসে খেলে বেড়ান অঙ্গনে। অন্তরঙ্গ সখীদের সঙ্গে চঞ্চলা মেয়েটির মধুর খেলায় মুগ্ধ হয় পথচারী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীযুক্তা সুরুচি দেবী ( প্রৌঢ় বয়সে )



৺সুকুমার রাহা ( যৌবনে )

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বড়বাড়ির আদরের দুলালী শিশু ও বালিকা শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রীড়াচঞ্চলা কিশোরী শ্রীমা

মার কোলে আদরিণী শ্রীমা ( উত্তরকালে )

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

# মন্ত্র ও সিদ্ধি

## ( ১৯৩৫—১৯৩৭ )

১৯৩৫ খ্রীষ্টাব্দে ব্রজবিদেহী শ্রীশ্রী সন্তদাস বাবাজী মহারাজ কুমিল্লা 'মহেশ প্রাঙ্গণে' যখন অবস্থান করছিলেন, তখন ২৮ আষাঢ় শ্রীমা বিছানা থেকে উঠেই বাবাজী মহারাজের কাছে নাম নিতে চান। চমৎকৃত পিতা আগ্রহী কন্যাকে বাবাজী মহারাজের কাছে নিয়ে গেলে তিনি দীক্ষাপ্রার্থী অপেক্ষমান বিপুল জনতার মধ্যে শ্রীমাকে আহ্বান করে সর্বাগ্রে সস্নেহে নাম দেন। কন্যার আগ্রহে অনুপ্রাণিত পিতামাতা অতঃপর সেদিনই দীক্ষাপ্রার্থী হন। বাবাজী মহারাজের সঙ্গে শ্রীমার এই অপূর্ব মিলনের জন্যই যেন তাঁর জ্যেষ্ঠতাত ভাই ব্রহ্মচারী শিশিরকুমার ( পরবর্তীকালে নিম্বার্ক আশ্রমের মুখপত্র শ্রীসুদর্শনের সম্পাদক ) বহুকাল পূর্বে অগ্রদূত হয়ে গৃহত্যাগ করেন। শ্রীমায়ের আবির্ভাবের সঙ্গে সঙ্গেই তিনি সংসার বন্ধন ছিন্ন করেন; ১৯২৬ সনে শ্রীশ্রীসন্তদাস বাবাজী মহারাজের নিকট দীক্ষালাভ করে বাবাজী মহারাজের তিরোভাব পর্যন্ত গুরুসেবায় অতিবাহিত করেন। শ্রীমার গুরুলাভের সহায়ক তিনি। শ্রীমার গুরুকরণের চার মাস পরেই ২২ কার্তিক বাবাজী মহারাজ নশ্বর দেহ ত্যাগ করেন। ১৩৪২ ( ১৯৩৫ ) সালের ২৪ অগ্রহায়ণ—তখনও শ্রীমার পনের বৎসর পূর্ণ হয় নি; সন্ধ্যার পর শয়নকক্ষে তিনি পড়ার বই পড়ছিলেন। এমন সময় উজ্জ্বল আলোকে আলোকিত বাবাজী মহারাজ আবির্ভূত হয়ে মাকে ঠাকুরঘরে গিয়ে জপে বসতে বললেন। মা আসনে বসেই বাহ্যজ্ঞান হারিয়ে ফেললেন। আধ্যাত্মিকতার এই প্রথম বাহ্য প্রকাশ। তারপর প্রতিদিন দুবেলা জপে বসার সঙ্গে সঙ্গেই বাবাজী মহারাজের আবির্ভাব ঘটত। এইভাবে বাবাজী মহারাজ আরতি ও ভোগনিবেদনের প্রক্রিয়া, ঠাকুরের শয়ন-উত্থানের মন্ত্র ইত্যাদি মাকে শিখিয়ে দিলেন। অতঃপর প্রত্যহ শ্রীমার ধ্যানমগ্ন অবস্থায় নানামুদ্রা প্রকাশ পায়। আরতি আরম্ভের সঙ্গে সঙ্গেই শ্রী রাধাকৃষ্ণ, ব্রহ্মা, মহেশ্বর, অন্যান্য দেবদেবী, শ্রী কাঠিয়া বাবাজী ও বাবাজী মহারাজ এসে উপস্থিত হন—তারপর শ্রীমা তাঁদের সঙ্গে এক হয়ে যান। ভাবস্থ হয়ে শ্রীমার অঙ্গে কখনো বাবাজী মহারাজের, কখনো নাড়ুগোপালের, কখনো শ্রীকৃষ্ণের ভঙ্গিমা প্রকাশ পায়। প্রতিমার সামনে পুষ্পাঞ্জলি দিতে বসে ভাবাবস্থায় কখনো শ্রীমা নিজেরই পায়ে ফুল দেন। শ্রীমা দেবদেবীদের যে ভোগ নিবেদন করেন অথবা সমাধিস্থ হয়ে যে মূর্তিতে পূজা গ্রহণ করেন, দেবালয়ে বিগ্রহাদির মুখেও সেই ভোগ গ্রহণের চিহ্ন দেখা যায়—এমন-কি নিবেদিত ভোগের মধ্যেও গ্রহণের চিহ্ন সুস্পষ্ট। একদিন বাবাজী মহারাজের ভঙ্গিতে দণ্ডায়মান শ্রীমার আসনে বাবাজী মহারাজের অনুরূপ সুবৃহৎ চরণচিহ্ন অঙ্কিত হয়—তা আজও সন্ত-মন্দিরে পূজিত।

১৯৩৬ সালে শ্রীমা তখন ত্রিপুরা জেলার বরকান্তা গ্রামের সরকারী-সাহায্য-প্রাপ্ত উচ্চ-ইংরেজী বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাঁর পিতার কর্মস্থলে। শ্রীমার আধ্যাত্মিক উন্নতির বাহ্য-লক্ষণ-সম্বন্ধে পিতা বৃন্দাবনে ব্রহ্মচারী শিশিরকুমারকে পত্রে জানান। তিনি এসে বিশেষ পর্যবেক্ষণে শ্রীমার শাস্ত্রানুগত আধ্যাত্মিক লক্ষণ দেখে এবং শ্রীমার মুখে দুর্বোধ্য শাস্ত্রের মীমাংসা শুনে আশ্চর্যান্বিত হন। সাধন পথের ভূমিগুলি তখন শ্রীমা অতি দ্রুততার সঙ্গে অতিক্রম করছেন। ব্রহ্মচারীর প্রশ্নে একদিন ভাবাবস্থায় শ্রীমা প্রকাশ করলেন যে আগামী ১৪ই ফাল্গুনের পূর্বেই 'সেই সাধিকা' ( তিনি ) পূর্ণ ব্রহ্মজ্ঞা হবেন।

এদিকে সাধন চলেছে। গুরু-কৃপা অজস্রধারায় তাঁর উপর বর্ষিত হচ্ছে। কৃপার ফলেই হয় সাধনার সিদ্ধি—'যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ'। একদিন শ্রীমাকেও বরণ করলেন ভগবান। ফলে, প্রাপ্তিতে জীবন হল পূর্ণকাম। এই কামনার পূর্তি ব্রহ্মানুভূতিতে। পাওয়ার শেষ—আর কিছুই পাওয়ার বাকী রইল না—মাত্র ষোড়শ বর্ষ বয়সে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাওয়া তো দেওয়ার জন্যই। এবার দেওয়া শুরু হল। সর্বপ্রথমে শ্রীমা তাঁর দুই ভাইকে 'নাম' দেন। কিছুকাল পরে তাঁর জ্যেষ্ঠতাত শ্রীবরদা-কান্ত রাহাকে সস্ত্রীক 'দীক্ষা' দেন।

পূর্ববৎসর—অর্থাৎ শ্রীমার গুরু-করণের বৎসরে ১৩৪২।১৪ ফাল্গুন কুণ্ডার বহির্বাটীতে শ্রীশ্রী বাবাজী মহারাজের তৈলচিত্র প্রতিষ্ঠিত হয়। পর বৎসর (১৯৩৬) ১৩৪৩।১৪ ফাল্গুন সেই তৈলচিত্র প্রতিষ্ঠার বার্ষিকীতে শ্রীমায়ের ষোড়শ-বর্ষ পূর্তি উপলক্ষে তাঁর প্রথম আবির্ভাব-অনুষ্ঠান সাড়ম্বরে অনুষ্ঠিত হয়। এই সময় কলকাতার বিশ্বধর্ম-সম্মিলনে যোগদান করতে এসেছেন আমেরিকার বিদুষী মহিলা মিসেস জেনিংস। সম্মিলনের সভাপতি Sir Francis Younghusband এর কাছে শ্রীমার কথা শুনে উপস্থিত হলেন সুদূর বরকান্তায়। শ্রীমাকে দেখে তাঁর সঙ্গে ধর্মালোচনা করে মুগ্ধ হয়ে তিনি শ্রীমার কাছে দীক্ষাগ্রহণ করলেন। নবদীক্ষিতা মার্কিন মহিলার নাম হল শ্রীমতী সুলভা দাসী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS







শ্রীগুরুজীর আবেশে শ্রীমা

উপরে যথাক্রমে : পূজান্তে প্রণামে, ভাবাবস্থায় ভোগনিবেদনে, শ্রীগুরুবন্দনায় শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



যথাক্রমে : ভাবাবেশে শ্রীমা, ভাবাবস্থায় ভোগগ্রহণে, ৺মা-কালীর আবেশে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS





বরকান্তা বিদ্যালয়-প্রাঙ্গনে নবদীক্ষিতা জেনিংস্ ও শ্রীউষা মার সঙ্গে শ্রীমা। বরকান্তা বিদ্যালয় পাশে : নাড়ুগোপালের আবেশে শ্রীমা। ব্রহ্মচারী শিশিরকুমারের সঙ্গে শাস্ত্রীয় প্রশ্নোত্তরে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

## সন্ন্যাস ও প্রব্রজ্যা
### ( ১৯৩৮—১৯৫২ )

১৯৩৮ সালে হরিদ্বার কুম্ভমেলায় ব্রহ্মচারী শিশিরকুমার ভারতের অদ্বিতীয় পণ্ডিত কাশীর সংস্কৃত কলেজের অধ্যক্ষ শ্রীগোপীনাথ কবিরাজ মহাশয়কে শ্রীশোভামার আধ্যাত্মিক উন্নতির কথা প্রকাশ করেন। সমস্ত শুনে তাঁর বিস্ময়ের পরিসীমা থাকে না। তিনি শ্রীদেবহরি দে, শ্রীজিতেশচন্দ্র চক্রবর্তী ও ডাঃ শ্রীসুরেশ দেবের সঙ্গে, সুদূর পল্লী বরকান্তায় গিয়ে শ্রীমার সঙ্গে তত্ত্বালোচনা করে তাঁর পূর্ণ ব্রহ্মজ্ঞান সম্বন্ধে নিঃসন্দেহ হন। চার মাস পরে, পুনরায় তিনি কাশীর শ্রীশঙ্করানন্দ স্বামীকে নিয়ে বরকান্তায় এসে শ্রীমাকে কাশী যাওয়ার অনুরোধ করেন। ডিসেম্বর মাসে শ্রীমা তাঁর পিতামাতা ও কয়েকজনের সঙ্গে কলকাতায় শ্রীঅক্ষয়কুমার দত্তগুপ্ত মহাশয়ের বাড়িতে আসেন ও ১৯৩৯ সালের প্রথমভাগে কাশী যান। এখানে ভক্ত ও বিজ্ঞ পণ্ডিতদের কাছে শ্রীমার তত্ত্বালোচনা উচ্চপ্রশংসিত হয়। পরে শ্রীমা কলকাতায় শ্রীঅক্ষয়বাবুর বাড়িতে এসে কিছুদিন অবস্থান করেন। এখানে রায়বাহাদুর ৺খগেন্দ্র নাথ মিত্র, অধ্যাপক শ্রীমণীন্দ্রকিশোর চক্রবর্তী, ডাঃ মহেন্দ্রনাথ সরকার ও ডাঃ সুরেশচন্দ্র দেব প্রমুখ সুপণ্ডিত ব্যক্তিগণ শ্রীমার সান্নিধ্য লাভ করেন। এই সময়ে কালীঘাটে একটি অপূর্ব রাধাকৃষ্ণের মর্মরমূর্তি দর্শনে শ্রীমা মুগ্ধ হয়ে ক্রয় করেন। সেই বিগ্রহের প্রতিষ্ঠাকার্য অন্নদা নিয়োগী লেনে বাবাজী মহারাজের পূর্বাশ্রমের বন্ধু শ্রীমনোমোহন ঘোষ মহাশয়ের বাটীতে সমারোহসহকারে সুসম্পন্ন হয়। তৎপরে শ্রীমা বরকান্তায় প্রত্যাবর্তন করেন।

১৯৪১ সালের অক্টোবরে শ্রীমা কিছুদিন কলকাতায় ৺দুর্গাশংকরবাবুর বাসায় অবস্থান করেন; সেখান থেকে নির্শাচট্টিতে জিতেশবাবুর নিকট গমন করেন। তৎপরে তিনি গয়া ও বুদ্ধগয়া পর্যটন করেন। ১৯৪২ সালে শ্রীমা মধ্যপ্রদেশ পরিক্রমা করেন ও প্রয়াগে পূর্ণকুম্ভে স্নান করেন।

১৯৪৩ সালে শ্রীমার পিতা সুকুমার রাহা দেহত্যাগ করেন। এর কিছুদিন পূর্বে তিনি বাটীর পশ্চিমে একটি পাকা বাড়ি নির্মাণ করেন। শ্রীমা বাড়িটির নাম রেখেছিলেন 'শ্রীগুরুকৃপা কুঞ্জ'। পিতার মৃত্যুর পর প্রায় এক বৎসর তিনি এই বাড়িতে ছিলেন। তারপর কুঞ্জের দ্বার চিরতরে বন্ধ করে বড় ভাই সুবিমল রাহার বালিগঞ্জের বাসায় চলে এলেন। ১৯৪৪।৪৫ সালে শ্রীমা পুনরায় পুরী, নির্শাচট্টি, হরিদ্বার, মথুরা, বৃন্দাবন, আগ্রা, গয়া, এবং তৎপরে মাদ্রাজ, মাদুরা, রামেশ্বর পরিভ্রমণ করেন। ১৯৪৬ সালে শ্রীমা কামাখ্যা, গৌহাটি, শিলং প্রভৃতি এবং ১৯৪৭ সালে পুরী, দ্বারকা, অজন্তা, ইলোরা, হরিদ্বার, শিমুলতলা, দেওঘর ও বিন্ধ্যাচল পর্যটন করেন। ১৯৪৮ সালে বালিয়া জেলার রাতসারে গমন করেন। ১৯৪৯ সালের প্রথমভাগে শ্রীমা দাক্ষিণাত্যের তীর্থগুলি পরিক্রমা করেন। শ্রীমা মাদ্রাজ মেলে গেলেন সীমাচলম্ ও মাদ্রাজে এসে দর্শন করলেন কপালেশ্বর ও পার্থসারথির মন্দির। মাদ্রাজ থেকে ত্রিচিনাপল্লী; শ্রীরঙ্গপট্টমে ভগবানের অনন্তশয়ানমূর্তি ও জম্বুকেশ্বর শিব তিনি দর্শন করলেন। কাবেরী নদীর অপরপারে গণেশজী ও শিবজীর মন্দিরও তিনি দর্শন করলেন। তৎপরে রামস্বামীর মন্দিরে ও শার্ঙ্গপাণি ও চক্রপাণির মন্দিরে শ্রীমা গেলেন। পরে কুম্ভকোণমে বৃহদীশ্বর শিবমূর্তি দর্শন করলেন। ত্রিচিনাপল্লী থেকে গেলেন ধনুষ্কোটি; সেখানে সঙ্গমে স্নান করে এলেন রামেশ্বরম্। রামেশ্বরে দর্শনীয় স্থানগুলি দেখে শ্রীমা সিংহলে যাওয়ার ব্যবস্থা করলেন। ধনুষ্কোটি থেকে ষ্টীমারে তালাইমালার হয়ে কলম্বোতে বৌদ্ধ ও অশোক মন্দির দর্শন করলেন; তৎপরে নিউরায়েলিয়া গিয়ে দেখলেন সেইসব স্থান, যেখানে সীতাদেবীকে লুকিয়ে রাখা হয়েছিল এবং যেখানে হনুমানজী এসে বসেছিলেন। নিউরায়েলিয়া থেকে কাণ্ডী ও অনুরাধাপুরম্ হয়ে পুনরায় ধনুষ্কোটি এলেন। সেখান থেকে মাদুরা ও পুরী হয়ে কলকাতায় ফিরে এলেন। এই বৎসরের শেষভাগে পুনরায় শ্রীমার পদধূলিতে রাতসার ধন্য হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯৫০ সালের প্রথম দিনে শ্রীমা রাতসার থেকে কাশী এলেন। কাশীধামের লাকসা অঞ্চলে তাঁর ভবিষ্যৎ আশ্রমের স্থান মনোনীত করে তিনি সন্ত আশ্রমের ভিত্তি স্থাপনা করলেন। এরপর কলকাতায় এসে বৎসরের মধ্যভাগে শ্রীমা হরিদ্বার পূর্ণকুম্ভে গেলেন। সে-সময় তাঁর সঙ্গে গেলেন তাঁর জননী ও দ্বাদশটি ছেলেমেয়ে। হরিদ্বারে গিয়ে তিনি প্রকাশ করলেন যে, অক্ষয় তৃতীয়ার পুণ্যদিবসে তিনি সন্ন্যাসমন্ত্রে দীক্ষিত হবেন বলে স্থির করেছেন। হরিদ্বারে পূর্ণকুম্ভে স্নান করে মা সেখান থেকে গেলেন হৃষীকেশের বাসুদেব মঠে। এই মঠের প্রতিষ্ঠাতা শ্রীকৃষ্ণদাসজী মহারাজ—বাবাজী মহারাজের দীক্ষিত শিষ্য; তিনি পূর্বে শিবপুর নিম্বার্ক আশ্রমের মহন্ত ছিলেন। ৭ বৈশাখ, অক্ষয় তৃতীয়ায়, তাঁর কাছে সন্ন্যাসমন্ত্রে দীক্ষা নিয়ে ত্রিতাপ-হারিণী মা তাঁকে গৌরবান্বিত করলেন। সন্তানের কল্যাণকামনায় শ্রীমা হলেন সর্বত্যাগিনী। অতঃপর হিমালয়ের চারধাম বদ্রীনারায়ণ, কেদারনাথ, গঙ্গোত্রী ও যমুনোত্রী দর্শন করে তিনি রাতসার, গয়া ইত্যাদি পরিভ্রমণ করলেন। ১৯৫১ সালে শ্রীমা বিমানে আসামের মরিয়ানী, ফারকাটিং, ইম্ফল, মণিপুর ইত্যাদি স্থান ভ্রমণ করেন। শ্রীমা এখন সন্ন্যাসিনী। ইতিমধ্যে বারাণসীর আশ্রমের নির্মাণকার্য সম্পন্ন হলে বৎসরের শেষভাগে সেখানে বসবাস শুরু করলেন। ১৯৫২ সালের সেপ্টেম্বর মাসে শ্রীমা স্থায়ীভাবে বসবাসের জন্য সন্ত আশ্রমে এলেন। তাঁর সেবার জন্য জীবন উৎসর্গ করলেন কয়েকজন ব্রহ্মচারিণী। এঁরা সকলেই শ্রীমার নিকট দীক্ষিতা ও উচ্চশিক্ষিতা। আশ্রমিকাদের সকলের বিলাসবর্জিত আহার-বিহার, আচার-আচরণ ও আত্মিক-আধ্যাত্মিক উন্নতির প্রতি শ্রীমার দৃষ্টি সদাজাগ্রত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS





পথের আহ্বানে শ্রীমা





বরকান্তায় ডঃ সুরেশ দেব, শ্রী গোপীনাথ কবিরাজ ও ৺জিতেশ চক্রবর্তীর সঙ্গে শ্রীমা। অন্নদা নিয়োগী লেনে ভাবস্থা, পুরীর সমুদ্রসৈকতে ও ব্রহ্মপুত্র নদে কাণ্ডারী শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS









উপরে : হরিদ্বারে সন্ন্যাসিনী শ্রীমা, ইম্ফলে লক্ষ্মীনারায়ণ-মন্দির-প্রাঙ্গণে শ্রীমা, রাতসারে শ্রীমা। নিচে : রাণাচট্টিতে শ্রীমা, রাতসারে মহিষ-চারণে শ্রীমা, সন্ত-আশ্রম-প্রাঙ্গণে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

# আশ্রম ও উদ্দেশ্য
## ( ১৯৫৩—১৯৭০ )

আশ্রমবাসিনী হলেও সন্তানের আকুল ক্রন্দন শ্রীমাকে স্থির থাকতে দেয় না। কোথাও যোগভ্রষ্ট সাধক, আধ্যাত্মিক জীবনবিচ্যুত মহাপুরুষ, কোথাও অনুতপ্ত আত্মার ক্রন্দন, কোথাও শরণাগত সন্তানের আহ্বানে মাকে ছুটে যেতে হয়। ১৯৫৩ সালে শ্রীমা আসাম পরিভ্রমণে গিয়ে অনেকের প্রাণে শান্তি দিয়ে এলেন। ১৯৫৪ সালে শ্রীমা আবার প্রয়াগে পূর্ণকুম্ভে স্নান করলেন। ১৯৫৫ সালে সন্ত আশ্রমের পার্শ্ববর্তী আরও কিছু জায়গা ক্রয় করে পরিসর বৃদ্ধি করা হল ; একতলা বাটী দোতলায় পরিণত হল। শ্রীশ্রী সন্তদাস বাবাজী মহারাজের মর্মরমূর্তি কলকাতা থেকে প্রস্তুত করিয়ে এ সময়ে আশ্রমে প্রতিষ্ঠিত করা হল। এ বছর শ্রীমা আলমোড়া, নৈনিতাল, পুরী ইত্যাদি স্থান পর্যটন করেন। ১৯৫৬ সালে শ্রীমা হরিদ্বারে অর্ধকুম্ভে স্নান করলেন। সেখান থেকে কেদারনাথ, বদ্রীনাথ, হৃষীকেশ, প্রয়াগ, রুদ্রপ্রয়াগ, গুপ্তকাশী প্রভৃতি দর্শন করেন। ১৯৫৭ সালে শ্রীমা মধুপুর পর্যটন করেন। তীর্থ পর্যটনে গেলেও শ্রীমা বেশীদিন আশ্রমের বাইরে থাকেন না। সেখানে তাঁর আদরের কিষণলাল, দাদা গুরুজী, শ্রীগুরুদেব সর্বদা বিরাজিত। ১৯৫৮ সালে মহাষ্টমীর দিনে বারাণসীর সন্তমন্দির প্রতিষ্ঠিত হল। সন্ত মন্দিরের শীর্ষে জ্যোতির্ময় 'ওঁকার', চূড়ার অধোদেশে চতুর্দিকে চতুর্ভুজ নারায়ণের চতুর্হস্ত-শোভিত শঙ্খ-চক্র-গদা-পদ্ম। পাঁচটি সিঁড়ি বেয়ে উঠে নাটমন্দির। মাঝখানে রাধাকৃষ্ণের যুগল মনোহর মূর্তি। মূর্তির দক্ষিণে শ্রীশ্রী ১০৮ রামদাস কাঠিয়া বাবাজী মহারাজের প্রতিকৃতি ; বামে ব্রজবিদেহী শ্রীশ্রী ১০৮ সন্তদাস বাবাজী মহারাজের মর্মরমূর্তি। মন্দিরে আছেন ধাতুনির্মিত বালগোপাল, শ্রীমার সদাচঞ্চল 'কিষণলাল' ; আছেন শাল-গ্রামজী এবং অন্যান্য অনেক দেবদেবী। ১৯৫৯ সালে শ্রীমা কাশ্মীর, অমরনাথ, জ্বালামুখী, মণ্ডি ইত্যাদি পরিক্রমা করেন। ১৯৬০ সালে শ্রীমা বৃন্দাবন, হরিদ্বার ইত্যাদি ভ্রমণ করেন। ১৯৬২ সালে দার্জিলিং এবং উত্তর-মধ্য-পশ্চিম ও দক্ষিণ ভারতে সুদীর্ঘ পরিক্রমা করেন। ১৯৬৩ সালে পুরীধামে সহস্র বৎসর যোগ উপলক্ষ্যে উপস্থিত হন। ১৯৬৫ সালে শ্রীমা পুনরায় কেদারনাথ, বদ্রীনাথ, হরিদ্বার ইত্যাদি দর্শন করেন। ১৯৬৬ সালে প্রয়াগে পুনরায় পূর্ণকুম্ভে স্নান করেন। ১৯৬৭ সালে গঙ্গোত্রী, যমুনোত্রী, হরিদ্বার পরিভ্রমণ করেন। ১৯৬৯ সালে রাজগীর, আলিপুরদুয়ার এবং ১৯৭০ সালে পুনরায় হরিদ্বারে প্রায় একমাস কাল অবস্থান করেন।

ভারতের সর্বত্র শ্রীমার ভক্ত ও সন্তান পরিকীর্ণ ; তাই তীর্থমণি কাশীধামেই তাঁর আশ্রম স্থাপন যথোচিত হয়েছে। কিন্তু বাংলা দেশেই তাঁর সন্তান সংখ্যা সর্বাধিক। অর্থাসঙ্গতি ও সময়াভাবে তাঁরা অনেকেই শ্রীমার দর্শনপুণ্যে বঞ্চিত। কৃপাময়ী শ্রীমা তাই ১৯৬৬ সালের প্রথমভাগে কল্যাণীতে আরও একটি আশ্রম স্থাপন করলেন—অনেকাংশে কাশীধামেরই অনুরূপ এবং 'সন্ত-আশ্রম' নামেই। অতঃপর কাশীধামের আশ্রম বিশেষভাবে কন্যাদের জন্য এবং কল্যাণীর আশ্রম ছেলেদের বসবাসের জন্য নির্দিষ্ট। প্রতি বৎসর কয়েকমাস শ্রীমা কল্যাণী-আশ্রমে বিবিধ উৎসব-অনুষ্ঠান-নামকীর্তনাদির মাধ্যমে সন্তানদের মধ্যে প্রাণসঞ্চার করেন ; ভক্তদের আকুল প্রার্থনায় পূর্বভারতের নানাস্থান পদধূলিতে ধন্য করেন। বারাণসীর আশ্রমের সন্নিকটে দূরাগত সন্তান-দলের আগমনে স্থান সংকুলানের জন্য অতিরিক্ত একটি আবাস পূর্বেই নির্মিত হয় ; কল্যাণীতেও অনুরূপ সমস্যা এবং কলকাতাবাসী সন্তানদের সুবিধার জন্য কলকাতায় সিঁথি অঞ্চলে ১৯৬৮ সালে একটি আবাস নির্মিত হয়েছে। উভয় আবাসই 'সন্ত-আশিস' নামাঙ্কিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রজবিদেহী মহন্ত শ্রীশ্রীসন্তদাস বাবাজী মহারাজের নামে উৎসর্গীকৃত "সন্ত আশ্রমে" পঞ্চসাধন নিত্যই অনুষ্ঠিত হয় —সৎসঙ্গ, কৃষ্ণসেবা, ভাগবতপাঠ, নামকীর্তন এবং তীর্থবাস। পঞ্চসাধনের যে-কোনো একটিতেই কৃষ্ণ-প্রেমোদয় হয়। এখানে সাম্প্রদায়িকতার লেশমাত্র নেই। আশ্রমের উদ্দেশ্য আত্মিক কল্যাণ; আচার-আচরণে ও আহার-বিহারে বিলাসবর্জিত সাত্বিক, আত্মিক-আধ্যাত্মিক উন্নতির সহায়ক জীবন-সাধনা। আত্মিক বলে বলীয়ান হয়ে জাগতিক কল্যাণের জন্য কর্মাতীত ও ফলাকাঙ্ক্ষাবর্জিত যথার্থ কর্মী গঠনই এই আশ্রমের উদ্দেশ্য। শ্রীমা বলেন, "আমাদের পূর্বাচার্যগণের মন্ত্র অনুরণিত আমাদের অন্তরে; নাম-রূপ জলসিঞ্চনে তাকে ক্রমোন্নতির পথে নিয়ে যাওয়াই আমাদের সাধনা।" বিভিন্ন স্থান ও সম্প্রদায়ের সাধুসন্ন্যাসী ও ভক্তগণ মার কাছে আসেন ধর্মালোচনার জন্য। প্রতিদিন শ্রীমা সকলকে প্রসাদ বিতরণ করে বলেন, "তোমরা আমার গোপালেরই প্রতীক।" শুভদায়িনী মা সকলের কল্যাণের জন্য সতত-ব্যাকুলা। শ্রীমা সন্তানদের স্নেহকণ্ঠে বলেন, "তোমাদের ক্রিয়াকর্ম নিষ্ঠাপূর্বক করে যাও, তাহলে ক্রিয়াতীত হতে পারবে।" সন্তানদের কল্যাণের জন্য শ্রীমার বাণী-সম্বলিত মাসিক পত্রিকা, অধুনা ত্রৈমাসিক 'সন্ত-আশিস' নিয়মিত প্রকাশিত হয়। ছোটো ছোটো শিশুমন গড়ে তুলতেও শ্রীমার চিন্তা অনুক্ষণ—সহজবোধ্য ভাষায় তাদের জন্য লিখেছেন অনেক নাটিকা। এইসব নাটিকাগুলি তিনি উৎসবের দিনে ছেলেমেয়েদের নিয়ে মঞ্চস্থ করেন। অবসর সময়ে ছেলেদের সঙ্গে খেলা করেন। প্রায় প্রতিবৎসর শ্রীমা কোনো-না-কোনো তীর্থদর্শনে যান; সে-সময় বহু সন্তান তাঁর সঙ্গী হয়। মনের নির্মলতা আনয়নের জন্য সন্তানদের নিয়ে তাঁর এই তীর্থভ্রমণ, দেবদেবী-দর্শন ও পূত সলিলে অবগাহন। শ্রীমা বলেন, "আমার এই তীর্থদর্শনের পুণ্য যারা সঙ্গে যেতে পারেনি, তারাও লাভ করুক।"

প্রতিদিন আশ্রমে দূর-দূরান্তবাসী ভক্ত ও সন্তানের অজস্র আকুলতাপূর্ণ চিঠি আসে—রাশি রাশি স্তূপাকার চিঠি। শ্রীমা সকলকে স্নেহপূর্ণ উপদেশ-বাণী পাঠিয়ে তাদের চলার পথ আলোকিত করেন—মায়ের চিঠি নিরাশার আশা, দুর্বলের বল ও মুমুক্ষুর অমৃত। আশ্রমের প্রতিটি প্রাণী শ্রীমায়ের সত্তায় সত্তাবান; প্রতি তৃণতরুলতা তাঁর শ্রীহস্তসিঞ্চিত বারিতে ফলেফুলে মঞ্জরিত ও পুষ্পিত। শ্রীমার এই নববৃন্দাবন,—আর করুণাময়ী কল্যাণময়ী সঙ্কটদুঃখতারিণী ভক্তিমুক্তিদায়িনী এই আমাদের শ্রীমা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS









উপরে : আলমোড়ায়, অমরনাথের অমরতীর্থে এবং জ্বালামুখীর মন্দিরে শ্রীমা। নিচে : তুঙ্গনাথে শিষ্য সঙ্গে, শ্রীবৃন্দাবনে শ্যামকুঞ্জে, নিধুবনে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS











উপরে : মাউণ্টআবু দিলওয়ারায়, সোমনাথের মন্দিরে, প্রভাসে ভল্‌গা-তীর্থে, নাসিকে পঞ্চবটীতে শ্রীমা। নিচে : কন্যাকুমারীতে, রামেশ্বরে, ভুবনেশ্বর বিন্দুসরোবরে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



বামে : কেদারনাথের মন্দিরে শ্রীমা। মধ্যে : বদরীবিশালজীর মন্দিরে ও যমুনোত্রীর পথে বীফ ডাকবাংলোয় শ্রীমা। দক্ষিণে : শিবপুর শ্রীগুরু-আশ্রমে ও ভুবনেশ্বরে ব্যাঘ্রগুম্ফায় শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS





হরিদ্বারে গঙ্গাতীরে শ্রীমা

দ্বারকাধীশের মন্দিরে শ্রীমা। নিচে: বদরীবিশালের পথে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



বারাণসী সন্ত-মন্দির

কল্যাণী সন্ত-আশ্রম।

উদ্যান-পরিচর্যায় শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহীশূরে চণ্ডীদেবীর মন্দিরে শ্রীমা

আশ্রম-উদ্যানে শ্রীমা



গুরুভগ্নী শ্রীযুক্তা গঙ্গা মার সঙ্গে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

সদ্‌গুরুরূপিণী শ্রীমা



ভক্তবাঞ্ছায় শ্রীকৃষ্ণবেশে শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নামকীর্ত্তন বিভোরা শ্রীমা।

উপরে : রাধাকৃষ্ণের যুগল-আবেশে শ্রীমা।

মধ্যে : মুরলীধর ভাবে শ্রীমা। আশিষদায়িনী শ্রীমা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

আশ্রম-জননী শ্রীমা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu  Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi